



## প্রেস বিজ্ঞপ্তি

### বরিশাল বিশ্ববিদ্যালয় প্রশাসনের উদ্যোগে ক্যাম্পাসে পরিচ্ছন্নতা অভিযান পরিচালিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৫ ফেব্রুয়ারি ২০২৪।

বরিশাল বিশ্ববিদ্যালয় প্রশাসনের উদ্যোগে উপাচার্য (রু.দা.) অধ্যাপক ড. মো. বদরুজ্জামান ভূঁইয়ার নেতৃত্বে ক্যাম্পাসে পরিচালিত হয়েছে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান। অদ্য ৫ ফেব্রুয়ারি সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের ৩নং গেইট সংলগ্ন পুকুরপাড় এবং এর আশপাশ পরিষ্কারের মাধ্যমে এ কার্যক্রমের উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রু.দা.) অধ্যাপক ড. মো. বদরুজ্জামান ভূঁইয়া। এসময় উপাচার্য মহোদয় বলেন, একটি ক্যাম্পাসকে পরিচ্ছন্ন রাখতে সকলের সচেতনতা একান্ত প্রয়োজন। এজাতীয় উদ্যোগ বিশ্ববিদ্যালয়ের সকলের মধ্যে সচেতনতা বৃদ্ধিতে সহায়ক হবে। বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পরিচ্ছন্ন রাখতে এধরনের কার্যক্রম ভবিষ্যতেও চলমান থাকবে। একইসাথে উপাচার্য মহোদয় পরিচ্ছন্ন ক্যাম্পাস গড়তে এগিয়ে আসার জন্য বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংগঠনগুলোর প্রতিও আহবান জানান। এসময় জীববিজ্ঞান অনুষদের ডিন ড. সুব্রত কুমার দাস, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন ড. আবদুল্লাহ আল মাসুদ, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন দিলআফরোজ খানম, কলা ও মানবিক অনুষদের ডিন মোহাম্মদ তানভীর কায়ছার, রেজিস্ট্রার মো. মনিরুল ইসলাম, শিক্ষক সমিতির সভাপতি ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী, সাধারণ সম্পাদক ড. তারেক মাহমুদ আবীর, প্রক্টর (ভারপ্রাপ্ত) ড. আব্দুল কাইউম, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট (ভারপ্রাপ্ত) ড. হেনা রানী বিশ্বাসসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। ক্যাম্পাস পরিচ্ছন্নতা কার্যক্রমের সার্বিক সহযোগিতায় ছিলো বিডি ক্লিন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়